

অনুগ্রহ

সালমা ইয়াসমিন নিতি

আমি তোমার কোন অনুগ্রহ অঙ্গীকার করব?

ফুল মাখলুকাণ্ডের সেরা - 'মানব' জনম দিয়েছে আমায়,
দিয়েছে হৃদয়, সে হৃদয়ে প্রেম দিয়েছে, দিলে ভালবাসার জন
হৃদয়ে দুরন্ত দুর্বার সাহস।

আবার পথ বেঁধে দিয়ে করেছে চলৎশক্তিহীন !

আমি তোমার কোন দানকে অঙ্গীকার করব?

সেই থেকে অন্তর্হীন অপেক্ষা...

কাঠের চৌহদ্দি আর টিনের ছাউনিতে জীবন টানেনি আমায়,
তবু কিসের টানে ফিরে ছুটি জীবনের পানে,
ভেসে ফিরি তাই সংসার সুখের সায়রে ।

আমি তোমার কোন দানকে অঙ্গীকার করব?

আজন্ম আকাংখার হাত আবারো বাড়াই তোমাপানে,
জেনেছি চাইতে জানলে নিঃস্ব থাকেনা কেউ, পূর্ণ করেছে তুমি আমায়,
আমি মা হলাম!(?) জানিনা কি দিয়ে কি নিয়ে গেলে তুমি.....

গর্ভ দিয়েছে দ্রুণ লালন করার, দিয়েছে প্রসব যন্ত্রণা
বুকের খাঁচায় আরো একটা আধার দিবে আমায়?
বহু তৃষিত এ স্নোতের ধারা কেমন করে রুধি?

আমি তোমার কোন অনুগ্রহকে স্বীকার করব? কেন করব?
মানব জন্ম দিয়েছে তায় ?

সালমা ইয়াসমিন নিতি, এনজিও কর্মী, ঢাকা, বাংলাদেশ